দৈনিক ইত্তেফাক

তারিখ 04 NOV 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

৭৫

স্মৃতির সম্ভ্রমহানি

## বি,এম কলেজ অধ্যক্ষসহ কয়েকজন শিক্ষকের বিরুদ্ধে তদন্তের আবেদন

বরিশাল অফিস ॥ বি, এম, কলেজ ক্যাম্পাসে স্মৃতি কনা বিশ্বাসের সম্ভ্রমহানির ঘটনা কলেজ অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ কয়েকজন শিক্ষক গোপন করায় এ মাম-

(১০ম পৃঃ ২ এর কঃ দ্রঃ)

## স্মৃতির সম্ভ্রমহানি

( ১ম পৃঃ পর )

লার তদন্তকারী অফিসার ও গোয়েন্দা পুলিশের ও,সি নজরুল ইসলাম ঐ শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন বিভাগকে অনুরোধ জানাইয়াছেন। গত ৯ই আগষ্ট স্মৃতিকে ক্যাম্পাসে ধর্ষণ করা হইয়াছিল। ধর্ষণের পর স্মৃতিকে উপাধ্যক্ষসহ কয়েকজন শিক্ষক একটি বন্ধ কক্ষ হইতে উদ্ধার করেন। পরে স্মৃতিকে অধ্যক্ষের সামনে ঐ দিনই হাজির করা হয়। সে ঐ নারকীয় ঘটনার বর্ণনা দেয়।

এতসব ঘটনার পরও অধ্যক্ষসহ ঐ শিক্ষকেরা ঘটনাটি চাপিয়া যান। পুলিশকেও ইহা জানানো হয় নাই।

তদন্তকারী অফিসার তাহার প্রতিবেদনে বলেন, ধামাচাপার কারণে তাহারা বাংলাদেশ দণ্ডবিধির ২০১ ধারামতে অপরাধ করিয়াছেন। ইহা দুর্নীতি দমন বিভাগের তদন্তের আওতাধীন। এ প্রতিবেদন ও চার্জশীট ইতিমধ্যে আদালতে পেশ করা হইয়াছে।